ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত

“বঙ্গবন্ধুর সোনার দেশ, স্মার্ট পাট শিল্পের বাংলাদেশ” এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও পাট অধিদপ্তরের আয়োজনে আজ বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা, জেলা পাট কর্মকর্তা এম আব্দুল বাকী, জেলা চালকল মালিক সমিতির সভাপতি মোয়াজ্জেম হোসেন, কালীগঞ্জের এমাস ফুটওয়্যারের ব্যবস্থাপনা পরিচালক ওবায়দুল হক রাসেলসহ অন্যান্যরা। বক্তারা, পাটের বহুমুখী ব্যবহার বৃদ্ধিতে কৃষকসহ সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

পরে শ্রেষ্ঠ পাটবীজ উৎপাদন, পাটের বস্তা ব্যবহারসহ ৫ টি ক্যাটাগরিতে ৫ জনকে পুরস্কৃত করা হয়।

ঝিনাইদহে জাতীয় ভোটার দিবস পালিত

“সঠিক তথ্যে ভোটার হবো, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবো” এই শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ৬ষ্ঠ জাতীয় ভোটার দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে শনিবার (২ মার্চ) সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে নির্বাচন অফিসের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা নির্বাচন অফিসার মোঃ মোখলেছুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্র নাথ রায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মানবধিকার সংস্থার সভাপতি আমিনুর রহমান টুকু, সদর উপজেলা নির্বাচন অফিসার মোঃ কামরুজ্জামান প্রমূখ।

সেসময় বক্তারা বলেন, সঠিক তথ্যে দিয়ে সকল নাগরিকের সময় মতো ভোটার হয়ে স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবার আহবান জানান।

কোটচাঁদপুরে নানা আয়োজনে জাতীয় বীমা দিবস পালিত

“করবো বীমা গড়বো দেশ স্মার্ট হবে বাংলাদেশ” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় বীমা দিবস।

দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে শুক্রবার (০১ মার্চ) সকালে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়ে উপজেলা অফির্সাস ক্লাব মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে ।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার কুমার, একাডেমি সুপারভাইজার মোঃ ফারুক হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম প্রমুখ।

তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন পপুলার লাইফ ইনসুরেন্সের এজিএম আবুল কালাম আজাদ, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সের কোম্পানির কোটচাঁদপুর অফিসের এজিএম মঈন উদ্দীন খান, সোনালী লাইফ ইনসুরেন্সের মুজাহিদুল ইসলাম, ন্যাশনাল লাইফ ইনসুরেন্সের কোম্পানির এ জি এম আল-

আমীন,ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সেরকোম্পানির এ জি এম কাজী রওশান আরা।

সে সময় অতিথিরা তাদের বক্তব্যে বলেন, জীবনে চলার পথে বীমার কোন বিকল্প নেই। ১৯৬০ সালের ১লা মার্চ হাজার বছরের শ্রেষ্ঠ সন্তান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম কর্মজীবনে আলফা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানিতে যোগদান করেন। সেই হিসাবে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীতে বর্তমান সরকার ১লা মার্চকে ১ম জাতীয় বীমা দিবস হিসাবে ঘোষনা করেন।

এসময় অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন লাইফ ইন্স্যুরেন্সের কর্মরত অফিসার ও মাঠ পর্যায়ের সদস্যরা উপস্থিত ছিলেন। এ সময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, প্রিন্ট মিডিয়ার সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৪ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ মঙ্গলবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে বর্ণাঢ্য র্যালি এবং র্যালি শেষে পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু’র সভাপতিত্বে সেবা ও উন্নতির দক্ষ রুপকার, উন্নয়নে উদ্ভাবনে জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুল ইসলাম শেখ সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ সহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

চুয়াডাঙ্গায় যথাযোগ্য মর্যাদার সাথে পালিত হয়েছে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহীদ দিবস। বুধবার একুশে ফেব্রুয়ারির প্রথম প্রহরে রাত বারোটা এক মিনিটে চুয়াডাঙ্গার কেন্দ্রীয় শহীদ মিনারে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানোর জন্য একতা হয় চুয়াডাঙ্গা জেলার রাজনৈতিক সামাজিক সাংস্কৃতিক স্বেচ্ছাসেবী ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ এ সময় তারা ফুল দিয়ে ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

রাত বারোটা এক মিনিটে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি প্রথমে ফুল দিয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।

এরপর চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশিদ। জেলা পরিষদের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন জেলা পরিষদ চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা প্রেসক্লাব সভাপতি সাধারণ সম্পাদক, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের পক্ষ থেকে সভাপতি সাধারণ সম্পাদক পুষ্পস্তবক অর্পণ করেন।এরপর রাজনৈতিক সংগঠনের মধ্যে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, সেচ্ছাসেবক লীগ, কৃষক লীগ। জেলা বিএনপি পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয় এময় যুবদল, ছাত্রদল,সেচ্ছাসেবক দল এ পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ড,রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিট, চুয়াডাঙ্গা জেলা রোভার,জেলা স্কাউটস এর পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এরপর বুধবার আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রভাত ফেরী সকাল ছয়টা

থেকে শুরু হয়ে চলে দিনব্যাপী। এ সময় সকাল থেকে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য ভিড় করতে থাকে বিভিন্ন স্কুল কলেজ মাদ্রাসা সামাজিক সংগঠন পেশাজীবি সংগঠন রাজনৈতিক সংগঠন সহ সাংস্কৃতিক সংগঠনের ব্যক্তিবর্গ।

এ সময় ফুল দিয়ে ভাষা শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়,চুয়াডাঙ্গা সরকারি বালিকা বিদ্যালয়, চুয়াডাঙ্গা একাডেমি স্কুল, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, চুয়াডাঙ্গা নার্সিং ইনস্টিটিউট, রাহেল খাতুন গার্লস একাডেমি, ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়,গার্লস গাইড, চুয়াডাঙ্গা সোনালী ব্যাংক, গ্রামীণ ব্যাংক,জনতা ব্যাংক,চুয়াডাঙ্গা জেলা মহিলা ক্রিয়া সংস্থা, লেডিস ক্লাব, বহুমুখী মানব কল্যান সংস্থা, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট, প্রথম আলো বন্ধুসভা, ওয়েভ ফাউন্ডেশন সহ বিভিন্ন প্রতিষ্ঠান এ দিবস উপলক্ষে ভাষা শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।

চুয়াডাঙ্গা কেন্দ্রীয় শহীদ মিনারের দক্ষিনে চুয়াডাঙ্গা সরকারি কলেজের আয়োজনে চুয়াডাঙ্গা সরকারি কলেজের মুক্ত মঞ্চে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

চুয়াডাঙ্গা বাংলা বিভাগের বিভাগীয় প্রধান এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন কমিটির আহ্বায়ক ড. আব্দুল আজিজ এর সভাপতিত্বে আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ ফারজানা কেতকী, শিক্ষক পরিষদের সম্পাদক নজরুল ইসলাম সহ সরকারি কলেজের শিক্ষক পরিষদের শিক্ষক মন্ডলী বৃন্দ।

এ সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ ও চুয়াডাঙ্গা জেলা শিল্পকলার যৌথ আয়োজনে সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত অনুষ্ঠিত হয় এবং সাংস্কৃতিক অনুষ্ঠান পরবর্তীতে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়েরদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

জীবননগরে শহীদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস পালিত

জীবননগরে যথাযোগ্য মর্যদার মধ্যে ২১ শে ফেব্রয়ারি শহীদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।

আজ বুধবার সকালে শহীদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস উপলক্ষে জীবননগর উপজেলা পরিষদ চত্বর থেকে একটি প্রভাতফেরীর র্যালী বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র, বীর মুক্তিযোদ্ধা বদর উদ্দিন প্রমুখ।

ঝিনাইদহে মানবজমিন প্রত্রিকার ২৭তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে দৈনিক মানবজমিন প্রত্রিকার ২৬বছর পেরিয়ে ২৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে র্যালি আলোচনা সভা ও কেক উৎসব অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার (১৫ ফেব্রয়ারী) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভা ও কেক কাটা হয়। এর আগে প্রেসক্লাবের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিন শেষে প্রেসক্লাবের সামনে এসে শেষ হয়।

প্রেসক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, এসময় বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. শাহীন উদ্দিন, ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি বিমল শাহা, আমিনুল ইসলাম টুকু, সাইফুল মাবুদ, সাবেক সাধারণ সম্পাদক নিজাম জোর্য়ারদার বাবলু প্রমূখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু। বক্তব্যের শুরুতে স্বাগত শুভেচ্ছা বক্তব্য দেন মানবজমিনের জেলা প্রতিনিধি আমিনুল ইসলাম লিটন। আলোচনা শেষে কেক কাটার মধ্যদিয়ে অনুষ্টানের সমাপ্তি ঘোষণা করা হয়।

ঝিনাইদহে বঞ্চিতজন সংগঠনের ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহ সদর উপজেলায় বঞ্চিতজন সংগঠনের ১০ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ সোমাবার বিকালে সাধুহাটী ইউনিয়নের বংকিরা গ্রামের হাওন ঘাটা মাঠে বঞ্চিত জনদের নিয়ে প্রতিবছরেরন্যায় এই প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল।

বিশেষ অতিথি হিসেবে সাধুহাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাজী নাজির উদ্দিন, সাবেক চেয়ারম্যান মিজানুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাব সভাপতি এম রায়হানসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে

সভাপতিত্ব করেন বঞ্চিতজন সংগঠনের সভাপতি আনোয়ার পাশা বিদ্যুত। অনুষ্ঠানে অতিথি আপ্যায়নের জন্য প্রধান অতিথি সংগঠনের সভাপতির

নিকট ৩০হাজার টাকা এবং অবকাঠামো উন্নয়নের জন্য ঝিনাইদহ-২ আসনের এমপি নাসের শাহরিয়ার জাহেদী মহুলের পক্ষ থেকে ২লাখ টাকার অনুদান ঘোষণা করেন। অনুষ্ঠানে ৫শতাধিক বঞ্চিতজনকে আপ্যায়ন করা হয়।

ঝিনাইদহে বাংলা ইশারা ভাষা দিবস পালিত

ঝিনাইদহের শৈলকুপায় বাংলা ইশারা ভাষা দিবস পালিত হয়েছে। “বাংলা ইশারা ভাষার প্রসার করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে গতকাল বৃহস্পতিবার (৯ ফেব্রুয়ারী) বিকেলে শৈলকুপা উপজেলার সারুটিয়া ইউনিয়নের ভাটবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডিফ চিলড্রেন ওয়ার্ল্ডওয়াইড এর অর্থায়নে সেন্ট্রাল ফর ডিসেবলড এন ডেভেলপমেন্টর এর কারিগরি সহযোগতিায় এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহের এইড ফাউন্ডেশনের স্মাইল প্রকল্প।

এইড ফাউন্ডেশনের প্রতিবন্ধী শিশু পুনর্বাসন কর্মসূচির সহকারি পরিচালক সুরাইয়া পারভীন’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইলিয়াস কাঞ্চন।

অনুষ্ঠানের সার্বিক তত্বাবধান করেন স্মাইল প্রকল্পের এ্যাডভোকেসী ক্যাপাসিটি বিল্ডিং ডকুমেন্টশন অফিসার আয়াতুল্লাহ।

দিনব্যাপী এই অনুষ্ঠানে জাতীয় সংগীত ইশারা ভাষায় ইন্টারপেট করা, ইশারা ভাষার সেশন, আলোচনা সভা, বাংলা ইশারা ভাষা দিবসের সাথে একাত্মতা ঘোষণা করে স্বাক্ষরতা ক্যাম্পেইন ও হাতের ছাপ নেওয়া হয়। অনুষ্ঠানে প্রকল্পের আওতাভূক্ত শ্রবণ প্রতিবন্ধী শিশু, অভিভাবক, সুশীল সমাজসহ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামীলীগের উদ্দ্যোগে বঙ্গবন্ধুর স্বদেশ পত্যাবর্তন দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে সকাল ৯ টায় দলীয় কার্যালয়ে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা, দলীয় পতাকা উত্তোলন শেষে বঙ্গবন্ধুর প্রকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয়। বেলা সাড়ে ১০টায় দলীয় কার্যালয়ে আওয়ামীলীগ অফিসে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি প্রশান্ত অধিকারি।

তিনি বলেন ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তানিরা বাঙ্গালীদের হত্যা করতে অপারেশন সার্চলাইট নামে হত্যা জজ্ঞ চালায়। সেদিন বঙ্গবন্ধুকে গৃহবন্দি করে রাখে।বঙ্গবন্ধু বুঝতে পারেন পাকিস্থানীরা তাকে হত্যা করতে টারে,বা আটক করতে পারে। তাই তিনি স্বাধীনতার ঘোষনা পত্র লিখে পাঠিয়ে দেন। ২৬ তারিখে বঙ্গবন্ধুকে সেনাবাহিনি আটক করে নিয়ে যান।সেদিন চট্রগ্রাম কালুর ঘাট বেতার কেন্দ্র থেকে বঙ্গবন্ধুর নামে স্বাধীনতার ঘোষনা পাঠ করেন আওয়ামীলীগ নেতা আব্দুল হান্নান। পরবর্তিতে মেজর জিয়াকে দিয়েও ঘোষনাটি পাঠ কারনো হয়েছিল। এর পর দীর্ঘ ৯ মাস বঙ্গবন্ধুকে পাকিস্থানের কারাগারে বন্দি জীবন কাটাতে হয়েছে।তাকে কয়েকবার হত্যা করার পরিকল্পনা করার পরও হত্যা করতে পারে নি।এর পর দেশ স্বাধীন হলে বঙ্গবন্ধুকে পাক সেনারা মুক্তি দিলে প্রথমে লন্ডনে,পরে ভারত হয়ে ১০, জানুয়ারি তিনি বাংলাদেশে ফিরে আসেন।বঙ্গবন্ধু দেশে ফিরে মাটিতে লুটিয়ে পড়ে দেশের মাটি তার মাথায় মাখেন।বঙ্গবন্ধু বাংলাদেশকে এবং এই দেশের মানুশকে কতভাল বাসতেন তা বলে বোঝানো যাবে না।

অনুষ্টানে বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সম্পাদক শহিদুল ইসলাম খান, জেলা আওয়ামীলীগের সাবেক সদস্য সিরাজুল ইসলাম,কাজী খালেদুর রহমান অরুন, উপজেলা আওয়ামীলীগের

সহসভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, আনিসুজ্জামান মল্লিক, শাহ আলম মন্টু, হামিদুল ইসলাম আজম। উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাস্টারের উপস্থাপনায়,বক্তব্য রাখেন পৌর যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, পৌর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম, বিশিষ্ঠ ব্যবসায়ী ও পৌর আওয়ামীলীগের সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা,দপ্তর সম্পাদক উৎপল।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আওয়ামীলীগ নেতা সোনা মিয়া,, জাহাঙ্গীর হোসেন, খন্দকার মজিবুল হক, দ্বীনেশ কুমার, জহুরুল হক স্বপন, সরোয়ার হোসেন, শহিদুল ইসলাম,আব্দুল মালেক,যুবলীগ নেতা মনিরুজ্জামান হিটু,সয়ফাল,পাপন রহমান,আবু ডালিম, আব্দুর রশিদ, পিয়ার মোহাম্মদ কচি, মহাসিন কামাল, যুবলীগ নেতা আসাবুল হক ডিটু, সৈকত খান, পৌর ছাত্রলীগের সম্পাদক নাহিদ হাসান তমাল, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল, ছাত্রলীগ নেতা হাসানুজ্জামান, আব্দুল্লাহ আল হোসাঈদ বাদশা, ইছানুর কবীর, সাকিব, সৈকত, সুরুজ, রকি, হাসান, সজিব, পিয়াস, রোমান।

এছাড়াও শ্রমিক নেতা রিয়াজ উদ্দিন,আব্দুল কুদ্দুস,আমিরুল ইসলাম,শাহাবুল হক, চুন্নু মিয়া, চপল মুন্সি, সেলিম,বঙ্গবন্ধু পরিষদের মানোয়ার হোসেন প্রমুখ। পরে দোয়া পরিচালনা করা হয়েছে। সাবেক পৌর কাউন্সিলর জাহিদুল ইসলাম, মামুন অর রশিদ হাসান। উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহবায়ক শাহিন রেজা শাহিন, উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক, যুবলীগ নেতা আসাদুল হক ডিটু,নেছার আহমেদ প্রিন্স, আরিফুল ইসলাম, বাইতুল, টাইগার, আনিস, রায়হান, সেলিম রেজা, ফারুক, রাজু, সুমন, হারুন অর রশিদ,সজিব, নিশান, সাইফুল, রফিকুল, রনি, সজিব, সনি প্রমুখ। পরে তবারক বিতরন করা হয়।

এ ছাড়াও আলমডাঙ্গা সরকারি ডিগ্রী কলেজ ও মহিলা ডিগ্রী কলেজে মিলাদ মাহফিল ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।